

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
প্রশাসনিক সংস্কার অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

স্মারক নম্বর:- ০৪.২২১.০৮৫.০০.০১.০২৫.২০১০.৬১১

০৮ আষাঢ় ১৪২১  
তারিখঃ -----  
২২ জুন ২০১৪

পরিপত্র

বিষয়: তথ্য অধিকার বাস্তবায়নের বিষয়ে অনুশীলন ও কর্ম-পরিকল্পনা নির্ধারণের জন্য ওয়ার্কিং গ্রুপ গঠন।

মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন এবং বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে আয়োজিত ‘তথ্য অধিকার বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন’ শীর্ষক কর্মশালার (Workshop on Formulation of Right to Information Implementation Plan) সুপারিশের পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার বাস্তবায়নের বিষয়ে অনুশীলন ও কর্ম-পরিকল্পনা নির্ধারণের জন্য নিম্নরূপ একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করা হইল:

- |   |              |
|---|--------------|
| ১। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ              | - আহ্বায়ক   |
| ২। অতিরিক্ত সচিব (প্রসওবা), মন্ত্রিপরিষদ বিভাগ    | - সদস্য      |
| ৩। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়                | - সদস্য      |
| ৪। সচিব, তথ্য কমিশন                               | - সদস্য      |
| ৫। বিশ্বব্যাংকের প্রতিনিধি                        | - সদস্য      |
| ৬। উপসচিব (প্রশাসনিক সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য-সচিব |


২। **ওয়ার্কিং গ্রুপ-এর কর্মপরিধি:**

- ক) তথ্য অধিকার বাস্তবায়নের জন্য অগ্রাধিকার নির্ধারণ;  
খ) নির্ধারিত অগ্রাধিকার বাস্তবায়নের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা প্রণয়ন;  
গ) তথ্য অধিকার বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সঙ্গে সমন্বয় সাধন;  
ঘ) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ (proactive disclosure) কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

৩। উক্ত ওয়ার্কিং গ্রুপ প্রতি মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে এবং উপর্যুক্ত কাজের অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করিবে; এবং

৪। উক্ত ওয়ার্কিং গ্রুপ প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে যে কোন বিশেষজ্ঞ কিংবা এই কাজের সহিত সম্পৃক্ত যে কোন প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।

৫। জনস্বার্থে এই পরিপত্র জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

  
(ড. আবু শাহীন মো: আসাদুজ্জামান)  
উপসচিব  
ফোন: ৯৫১৩৬০২  
ই-মেইল: [asad6531@gmail.com](mailto:asad6531@gmail.com)

বিতরণ:

- ১। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
- ২। অতিরিক্ত সচিব (প্রসওবা), মন্ত্রিপরিষদ বিভাগ;
- ৩। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়; বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৪। সচিব, তথ্য কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা;
- ৫। কান্ট্রি ডাইরেক্টর, বিশ্বব্যাংক, ঢাকা কার্যালয়, ঢাকা;
- ৬। উপসচিব (প্রশাসনিক সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ;
- ৭। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।